দৈনিক
ইনকিলাব

তারিখ 16 AUG 2007
পৃষ্ঠা ১২ কলাম ৫

# আজ থেকে কওমী মাদ্রাসা বোর্ডের কেন্দ্রীয় পরীক্ষা শুরু

**স্টাফ রিপোর্টার ঃ** বাংলাদেশ কওমী মাদ্রাস বোর্ডের (বেফাকুল মাদারিসিল আরাবিয়া বাংলাদেশ) অধীনে আজ ১৬ আগস্ট (বৃহস্পতিবার) থেকে সারা দেশে কেন্দ্রীয় পরীক্ষা শুরু হচ্ছে। মোট ৩০০ পরীক্ষা কেন্দ্রে এ পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষায় সর্বমোট ৩০ হাজার ৩০০ ছাত্র-ছাত্রী অংশ নেবে বলে আশা করা হচ্ছে। মোট পরীক্ষার্থীর মধ্যে ছাত্র ২৫ হাজার ৪৮৪ এবং ছাত্রী হচ্ছে ৪ হাজার ৮৩২ জন।